দৈনিক
ইনকিলাব

তারিখ ... 09 DEC 2002 ...
পৃষ্ঠা - ১৪ - কলাম ৪ ---

# পিসিপি'র শিক্ষা সংক্রান্ত দাবীর প্রতি ১৪টি ছাত্র সংগঠনের সমর্থন

**প্রেস বিজ্ঞপ্তি :** দেশের ১৪টি জাতীয় ছাত্র সংগঠন, নারী সংগঠন ও অধ্যয়ন কেন্দ্র পাহাড়ী ছাত্র পরিষদের (পিসিপি) শিক্ষা সংক্রান্ত দাবীর সমর্থনে এক যুক্ত বিবৃতিতে সমর্থন জানিয়েছে।

বিবৃতিতে জাতীয় ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ পাহাড়ী ছাত্র পরিষদকে (পিসিপি) ভ্রাতৃপ্রতিম সংগঠন, পিসিপি'র উত্থাপিত শিক্ষা সংক্রান্ত দাবীকে অত্যন্ত যৌক্তিক ও ন্যায্য বলে অভিহিত করে স্ব-স্ব সংগঠনের পক্ষ থেকে পিসিপি'র দাবীকে সমর্থন এবং তা পূরণের জন্য সরকারের কাছে জোর দাবী জানিয়েছে।

বিবৃতিতে ছাত্র নেতৃবৃন্দ বলেন, বাংলাদেশের প্রত্যেকটি জাতিসত্তার স্ব-স্ব মাতৃভাষায় শিক্ষা লাভের অধিকার নিশ্চিত করার মাধ্যমেই দেশের শিক্ষার হার বাড়ানো সম্ভব। শিশুদের প্রাথমিক শিক্ষা মাতৃভাষায় হওয়া জরুরী ও গুরুত্বপূর্ণ। জাতিসংঘের ইউনেস্কো সনদেও মাতৃভাষায় শিক্ষা লাভের দাবীটি স্বীকৃত। এ সনদের স্বাক্ষরকারী একটা রাষ্ট্র হিসেবে দেশের ভিন্ন ভাষাভাষী জাতিসত্তাসমূহের ভাষা, সাহিত্য, সংস্কৃতি বিকাশ সাধনের ক্ষেত্রে সরকারের দায়িত্ব রয়েছে।

বিবৃতিতে নেতৃবৃন্দ আরও বলেন, দেশের প্রচলিত পাঠ্য পুস্তকে এ যাবৎকালে ভুল ধারণা ও বিশ্বাসের উপর ভিত্তি করে সংখ্যালঘু জাতিসত্তাসমূহ সম্পর্কে অসম্মানজনক ও অবমাননাকর লেখা জাতিসত্তাসমূহের মাঝে মানসিক দূরত্ব সৃষ্টি করে রেখেছে, যা জাতীয় ঐক্য-সংহতির পক্ষে সহায়ক নয়।